দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 05 AUG 1986
পৃষ্ঠা ... 5 কলাম 8

# সেপ্টেম্বরে আইসিটিভিটিআর আনুষ্ঠানিকভাবে চালু হচ্ছে

টঙ্গীতে অবস্থিত কারিগারি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত ইসলামী কেন্দ্র (আইসিটিভিটিআর) আগামী সেপ্টেম্বরে আনুষ্ঠানিকভাবে চালু হবে। উল্লেখ্য, এই কেন্দ্রটি ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) একটি প্রতিষ্ঠান। খবর বাসস'র।

ওআইসি'র সদস্য দেশের মনোনয়ন শিগগির শেষ হবে। নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৮ সেপ্টেম্বরের মধ্যে কেন্দ্রের পরিচালক ডঃ রফিউদ্দীন আহমদের কাছে রিপোর্ট পাঠানোর জন্য বলা হয়েছে।

ডঃ রফিউদ্দীন আহমদ বলেন, চারটি কোর্সে প্রাথমিকভাবে ৭০ জন ছাত্রকে ভর্তি করা হবে। কূটনৈতিক মিশনের মাধ্যমে গত মে মাসে এ কেন্দ্রে নিয়োজিত প্রশিক্ষক ও ছাত্র সম্পর্কে সদস্য দেশগুলোকে জানানো ও ভর্তি ফরমগুলো পাঠানো হয়েছে।

উচ্চতর প্রকৌশলী ডিপ্লোমা ও প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স শুরুর মধ্য দিয়ে কেন্দ্রটি চালু হবে।

এ কেন্দ্রে বৃত্তি প্রদানের ব্যবস্থা থাকবে। এ ছাড়া চিকিৎসা, খেলাধুলা ও মাসিক হাত খরচ এবং একাডেমীর অন্যান্য চার্জ কেন্দ্র বহন করবে। ছাত্রদের বিমানে ভ্রমণ ও অন্যান্য খরচ মনোনীত সদস্য দেশই বহন করবে। কেন্দ্রে কর্মচারী নিয়োগ করা হচ্ছে এবং গবেষণাগার, পাঠাগার, কর্মশালা ইত্যাদির ন্যায় সকল সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হচ্ছে।

মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেটিরক্যাল ও ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিংএর ৩ বছরের এ কোর্সে ৬টি সেমিস্টার থাকবে। প্রত্যেকটি সেমিস্টার ১৬ সপ্তাহ চলবে। প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মসূচীর অধীনে এ কেন্দ্রে দু'টি কোর্সের ব্যবস্থা থাকবে। একটি হলো ডিপ্লোমা ইন টেকনিক্যাল এড্যুকেশন এবং অপরটি হলো পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন টেকনিক্যাল এড্যুকেশন।

ডিপ্লোমা ইন টেকনিক্যাল এড্যুকেশনটি এক বছরের কোর্স। এতে দু'টি সেমিস্টার থাকবে। পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন টেকনিক্যাল এড্যুকেশনটিও এক বছরের কোর্স। এতেও দু'টি সেমিস্টার থাকবে।